

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, এপ্রিল ১৩, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ
মুদ্রণ ও প্রকাশনা শাখা

বিজ্ঞপ্তি

তারিখ: ৩০ চেত্র, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৩ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ।

নং ১৩ (মুঠ ও প্রঃ)।—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের রাষ্ট্রপতি কর্তৃক ৩০ চেত্র, ১৪৩১ বঙ্গাব্দ/ ১৩ এপ্রিল, ২০২৫ খ্রিস্টাব্দ তারিখে প্রণীত নিম্ন উল্লিখিত অধ্যাদেশটি এতদ্বারা জনসাধারণের জাতার্থে প্রকাশ করা হইল।

অধ্যাদেশ নং ১৩, ২০২৫

শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা, আইন, ২০২১, সংশোধনক঳ে প্রণীত

অধ্যাদেশ

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণক঳ে, শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা, আইন, ২০২১ (২০২১ সনের ০৬ নং আইন) এর সংশোধন করা সমীচীন ও প্রয়োজনীয়; এবং

যেহেতু সংসদ ভাঙ্গিয়া যাওয়া অবস্থায় রহিয়াছে এবং রাষ্ট্রপতির নিকট ইহা সন্তোষজনকভাবে প্রতীয়মান হইয়াছে যে, আশু ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় পরিস্থিতি বিদ্যমান রহিয়াছে;

সেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ৯৩(১) অনুচ্ছেদে প্রদত্ত ক্ষমতাবলে, রাষ্ট্রপতি নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন, যথা:—

(৩৪৩৩)
মূল্য : ৮.০০

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।—(১) এই অধ্যাদেশ শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা, (সংশোধন) অধ্যাদেশ, ২০২৫ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। ২০২১ সনের ০৬ নং আইনের পূর্ণাঙ্গ শিরোনাম এর সংশোধন।—শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা, আইন, ২০২১ (২০২১ সনের ০৬ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর পূর্ণাঙ্গ শিরোনামে উল্লিখিত “শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা” শব্দগুলি ও কমার পরিবর্তে “খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৩। ২০২১ সনের ০৬ নং আইনের প্রস্তাবনার সংশোধন।—উক্ত আইনের প্রস্তাবনায় উল্লিখিত “শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা” শব্দগুলি ও কমার পরিবর্তে “খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৪। ২০২১ সনের ০৬ নং আইনের ধারা ১ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ১ এ উল্লিখিত “শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা” শব্দগুলি ও কমার পরিবর্তে “খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। ২০২১ সনের ০৬নং আইনের ধারা ২ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ২ এর দফা (২০) এ উল্লিখিত “শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা” শব্দগুলি ও কমার পরিবর্তে “খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৬। ২০২১ সনের ০৬ নং আইনের ধারা ৪ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৪ এর—

- (ক) উপ-ধারা (১) এ উল্লিখিত “শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা” শব্দগুলি ও কমার পরিবর্তে “খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং
- (খ) উপ-ধারা (২) এ উল্লিখিত “শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা” শব্দগুলি ও কমার পরিবর্তে “খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৭। ২০২১ সনের ০৬ নং আইনের ধারা ২০ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ২০ এর উপ-ধারা (১) এর দফা (৫) এ উল্লিখিত “বঙ্গবন্ধু শেখ মুজিব” শব্দগুলির পরিবর্তে “বাংলাদেশ” শব্দ প্রতিস্থাপিত হইবে।

৮। ২০২১ সনের ০৬ নং আইনের ধারা ২২ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ২২ এর উপ-ধারা (১) এর দফা (৫) এ উল্লিখিত “বঙ্গবন্ধু শেখ মুজিব” শব্দগুলির পরিবর্তে “বাংলাদেশ” শব্দ প্রতিস্থাপিত হইবে।

৯। ২০২১ সনের ০৬ নং আইনের ধারা ৪৩ এর সংশোধন।—উক্ত আইনের ধারা ৪৩ এর উপ-ধারা (১) এ উল্লিখিত “শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা” শব্দগুলি ও কমার পরিবর্তে “খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

১০। **বিশেষ বিধান।**—এই অধ্যাদেশ প্রবর্তনের সঙ্গে সঙ্গে উক্ত আইনের অধীন প্রণীত কোনো বিধি, সংবিধি, প্রবিধান, অধ্যাদেশ বা অন্য কোনো আইনগত দলিল বা জারীকৃত কোনো বিধেয় বা সাধারণ আদেশ, বিজ্ঞপ্তি, প্রজ্ঞাপন বা সম্পাদিত কোনো দলিলে, প্রসঙ্গের প্রয়োজন অন্যরূপ না হইলে, উল্লিখিত “শেখ হাসিনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, খুলনা” শব্দগুলি ও কমার পরিবর্তে “খুলনা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

তারিখ: ৩০ চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৫ খ্রিষ্টাব্দ

মোঃ সাহাবুদ্দিন
 রাষ্ট্রপতি
 গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ

ড. হাফিজ আহমেদ চৌধুরী
 সচিব।